DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) □ তৈরি: 15 Aug 2026, 10:49 PM

বিনোদন

# ডেঙ্গুতে আক্রান্ত হয়ে অভিকার পরে এবার হাসপাতালে ভর্তি স্বরা

প্রতিবেদক: বিনোদন ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ০৯ আগস্ট ২০২৬, ১১:৫৩ AM



সংগৃহীত ছবি

অভিনেত্রী অভিকা গোরের পর এবার ডেঙ্গুতে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন বলিউড অভিনেত্রী স্বরা ভাস্কর। হঠাৎ শারীরিক অবস্থার অবনতি হওয়ায় দ্রুত তাকে হাসপাতালে নেওয়া হয়।

কয়েক দিন ধরে মারাত্মক অসুস্থ বোধ করায় রক্ত পরীক্ষা করানো হয় স্বরা ভাস্করের। রিপোর্ট পজিটিভ আসার পর চিকিৎসকদের পরামর্শে তাকে হাসপাতালে ভর্তি করা হয়। সামাজিক যোগাযোগ মাধ্যমে হাসপাতালের বেড থেকে নিজের একটি ছবি পোস্ট করে স্বরা লেখেন, □পরিস্থিতি দ্রুত হাতের বাইরে চলে যাচ্ছিল। অবশেষে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হলাম।

স্বরা ভাস্করের আক্রান্ত হওয়ার মাত্র কয়েক দিন আগেই ডেঙ্গু পজিটিভ হয়ে হাসপাতালে ভর্তি হতে হয় □বালিকা বধূ□ খ্যাত অভিনেত্রী অভিকা গৌরকে। টানা ১০৩ থেকে ১০৪ ডিগ্রি জ্বর থাকা সত্ত্বেও পেশাগত দায়বদ্ধতা থেকে অসুস্থ শরীর নিয়েই শুটিং চালিয়ে যান তিনি। অবিকার

স্বামী মিলিন্দ চান্দওয়ানি জানান, অসুস্থতার কারণে অভিকার একদম উঠে দাঁড়ানোর শক্তি ছিল না, শুধু স্যালাইন খেয়ে তিনি কাজ করে গেছেন। পরবর্তীতে চিকিৎসকরা তাকে অন্তত ১৫ দিন সম্পূর্ণ বেডরেস্টে থাকার নির্দেশ দিয়েছেন।

পরপর দুজন তারকা ডেঙ্গুতে আক্রান্ত হওয়ায় উদ্বেগ প্রকাশ করেছে বলিউডের একাংশ। ভক্তরা সোশ্যাল মিডিয়ায় স্বরা ভাস্কর ও অভিকা গোরের দ্রুত সুস্থতা কামনা করে বার্তা পাঠাচ্ছেন।

---


## এ বিভাগের আরও খবর



সেলেনা গোমেজের ভিডিও ফাঁস, মুহূর্তেই ভাইরাল!
আইনি বিপাকে জনপ্রিয় মার্কিন তারকা সেলেনা গোমেজ। মানসিক স্বাস্থ্যের প্রসারে তৈরি করা তাঁর ভেঞ্চার ওয়ান্ডারমাইন্ড সংস্থাকে ঘিরে জালিয়াতির অভি...




প্রতীকী ছবি

ডিজিটাল যুগে শর্টকার্টে তারকা, আশীর্বাদ নাকি অভিশাপ
একসময় তারকা হতে হলে বছরের পর বছর সাধনা, প্রশিক্ষণ এবং গণমাধ্যমের স্বীকৃতি প্রয়োজন হতো। এখন একটি স্মার্টফোন, ইন্টারনেট সংযোগ এবং ৩০ সেকেন্ডের...



শাড়ি নিয়ে প্রতারণা : আত্মসমর্পণ করে জামিন পেলেন তানজিন তিশা
শাড়ি নিয়ে প্রতারণা ও বিশ্বাসভঙ্গের মামলায় আত্মসমর্পণের পর জামিন পেয়েছেন অভিনেত্রী তানজিন তিশা।বৃহস্পতিবার (১৩ অগাস্ট) ঢাকার মেট্রোপলিটন ম্যা...



**সৌন্দর্য ধরে রাখতে নিজেদের □গর্ভফুল□ গ্রহণ করেছেন যেসব সেলিব্রেটি**
চিরযৌবন ও সৌন্দর্য ধরে রাখার আকাঙ্ক্ষা মানুষের বহু পুরোনো। বিশেষ করে নারীদের সৌন্দর্যচর্চা ঘিরে ইতিহাসে রয়েছে নানা বিস্ময়কর ঘটনা। সময়ের সঙ্গ...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/entertainment/denggute-akrant-hye-obhikar-pre-ebar-haspatale-bhrti-sbra